304

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 24 1999
পৃষ্ঠা ৮ কলাম ২

# বেগমগঞ্জে নকল প্রতিরোধ সম্পর্কে আলোচনা সভা

**বেগমগঞ্জ নিজস্ব সংবাদদাতা ঃ** বেগমগঞ্জ থানা পরিষদ মিলনায়তনে 'শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলন' সম্পর্কীয় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সোনাইমুড়ি কলেজের প্রিন্সিপাল আব্দুল ওহবের সভাপতিত্বে সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বেগমগঞ্জ থানা নির্বাহী কর্মকর্তা হুমায়ূন কবির খান। নোয়াখালী বিশ্ববিদ্যালয় কলেজের বাংলা বিভাগের অধ্যাপক কাজী রফিক উল্যাহ, জালালউদ্দিন কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ প্রমুখ বক্তব্য রাখেন।

সভায় বক্তরা বলেন, নকল প্রতিরোধ সম্ভব না হলে শিক্ষার মান রক্ষা করা সম্ভব নয়। বেগমগঞ্জে পরীক্ষার হলসমূহে গণনকল হয়ে আসছে।

এই অঞ্চলে অনেক নামীদামি রাজনৈতিক ব্যক্তিকে নিজ হাতে নিজের সন্তানকে নকল সরবরাহ করতে দেখা যায়। সম্প্রতি বেগমগঞ্জ সোনাইমুড়ি কলেজ কেন্দ্রে নকলে বাধা দেয়ায় বহিরাগত কর্তৃক শিক্ষক লাঞ্ছিত ও পরীক্ষার হলে ব্যাপক ভাঙচুরের নিন্দা করা হয়। সভায় বক্তরা বলেন, আসুন আমরা সম্মিলিতভাবে নকল প্রতিরোধ আন্দোলনে এগিয়ে আসি।